

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

পরিদর্শন (ঢাকা ও ময়মনসিংহ) শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড ঢাকা

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৫৫.০০১.২২.২৩৪০

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯

১১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন রাজনগর রহমানিয়া ফাজিল মাদ্রাসার গভর্নিংবডি গঠনের নিমিত্ত বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) বর্ণিত মাদ্রাসার স্মারক ২৩/রা/ফা/মা/না/লিতা/শের/২২; তারিখ: ৩০/০৮/২০২২ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদ্রাসার গভর্নিংবডিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকে বর্ণিত মাদ্রাসার সভাপতি ও অধ্যক্ষ কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়।

০২. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজ-পত্র পর্যালোচনান্তে সূত্রোক্ত ২ নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদ্রাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে নিম্নে বর্ণিত ব্যক্তিকে বর্ণিত মাদ্রাসার গভর্নিংবডির বিদ্যোৎসাহী সদস্য পদে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলোঃ

মনোনীত বিদ্যোৎসাহী সদস্যের নাম	ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা ও পেশা
জনাব খালিদ মাহমুদ পিতা : মোহাম্মদ নজরুল ইসলাম	গ্রাম: রাজনগর ডাকঘর: হাতীবান্ধা উপজেলা: নালিতাবাড়ী জেলা: শেরপুর	কামিল ব্যবসা

উল্লেখ্য, রাষ্ট্রীয় নিয়ম শৃঙ্খলা, অধিদপ্তর ও মাদ্রাসা স্বার্থ পরিপন্থী কোন কর্মকান্ডের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর উক্ত সদস্য পদ যে কোন সময় বাতিল করতে পারে।

১১-৯-২০২২

মোহাম্মদ হেলাল উদ্দিন

পরিদর্শক

ফোন: ০২-৪১০৩০৮৯৭

অধ্যক্ষ, রাজনগর রহমানিয়া ফাজিল মাদ্রাসা, নালিতাবাড়ী,
শেরপুর

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৫৫.০০১.২২.২৩৪০/১(৫)

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯

১১ সেপ্টেম্বর ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
- ২) উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর
- ৪) মহাপরিচালক মহোদয়ের, ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৫) জনাব খালিদ মাহমুদ, গ্রাম: রাজনগর, ডাকঘর: হাতীবান্ধা, উপজেলা: নালিতাবাড়ী, জেলা: শেরপুর